তারিখ 15 AUG 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# ৪৬০ জনকে নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ

## ৩৪তম বিসিএসে উত্তীর্ণ

■ ইত্তেফাক রিপোর্ট

৩৪তম বিসিএসে উত্তীর্ণদের থেকে দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার পদে আরো ৪৬০ জন নিয়োগের সুপারিশ করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। এর মধ্যে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে ৪৫০ জন এবং পরিবেশ অধিদপ্তরে ১০ জন নিয়োগের সুপারিশ করা হয়। পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক 'ইত্তেফাক'কে জানান, এ পর্যন্ত শুধু ৩৪তম বিসিএস থেকে ৪ হাজার ৪৩৪ জনকে ক্যাডার ও নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করা হয়েছে।

গতকাল রবিবার পিএসসি এক বিজ্ঞপ্তিতে জানান হয়, সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক বাংলায় ১১ জন, সহকারী শিক্ষক ইংরেজিতে ৯৮ জন, সহকারী শিক্ষক গণিতে ৭৩ জন, সহকারী শিক্ষক সামাজিক বিজ্ঞানে ৪৮ জন, সহকারী শিক্ষক ভৌত বিজ্ঞানে ৪৯ জন, সহকারী শিক্ষক জীববিজ্ঞানে ৫০ জন, সহকারী শিক্ষক ব্যবসায় শিক্ষায় ৪৮ জন, সহকারী শিক্ষক ভূগোলে ২৩ জন, সহকারী শিক্ষক ইসলাম শিক্ষায় ২৫ জন, সহকারী শিক্ষক কৃষিশিক্ষায় ২৪ জন, সহকারী শিক্ষক চারুকলায় ১ জন। এ ছাড়াও পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদপ্তরের জুনিয়র কেমিস্ট ২ জন, সহকারী বায়োকেমিস্ট ১ জন এবং পরিদর্শক ৭ জনকে নিয়োগের সুপারিশ করা হয়েছে। পিএসসির চেয়ারম্যান বলেন, ৩৪তম বিসিএসের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে পদস্বল্পতার কারণে যারা ক্যাডার পদে এবং নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে নিয়োগ পাননি তাদেরই নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। নিয়োগে সুপারিশকৃতদের তালিকা পিএসসি'র ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে।

গত বছর ২৯ আগস্ট ৩৪তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ করা হয়। এই বিসিএসে ৬ হাজার ৫৮৪ জন উত্তীর্ণ হন। এর মধ্যে থেকে আগেই ২ হাজার ১৭৫ জনকে ক্যাডার এবং ১ হাজার ৭৯৯ জনকে নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করা হয়। সর্বশেষ গতকাল ৪৬০ জনকে নিয়ে এ পর্যন্ত নন-ক্যাডার পদে ২ হাজার ২৫৯ জন নিয়োগের সুপারিশ করা হয়েছে। এর মধ্যে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে ৪০৯ জন এবং দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার ১ হাজার ৮৫০ জন।